ঐ কথাটি সত্য যা জিন শয়তান (ঊর্ধ্বজগৎ হতে) ত্বরিত শুনে নেয়। অতঃপর মোরগের করকরানোর মতো শব্দ করে তার বন্ধুর কানে পৌঁছিয়ে দেয়। এরপর সে একশর অধিক মিথ্যা কথা তার সাথে মিলিয়ে দেয়।”

‘আয়িশাহ রাদিয়াল্লাহু ‘আনহা হতে বর্ণিত, তিনি বলেছেন: কতিপয় লোক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে গনক-জ্যোতিষীদের সম্পর্কে জিজ্ঞেস করলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে বললেন: “তারা কিছুই নয়।” তারা বলল: হে আল্লাহর রাসূল! তারা কোন কোন সময় এমন কথা বলে, যা সত্য ও সঠিক হয়ে থাকে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন: “ঐ কথাটি সত্য যা জিন শয়তান (ঊর্ধ্বজগৎ হতে) ত্বরিত শুনে নেয়। অতঃপর মোরগের করকরানোর মতো শব্দ করে তার বন্ধুর কানে পৌঁছিয়ে দেয়। এরপর সে একশর অধিক মিথ্যা কথা তার সাথে মিলিয়ে দেয়।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে সেসব লোকদের ব্যাপারে জিজ্ঞেস করা হয়, যারা ভবিষ্যতের গায়েব সম্পর্কে (জ্যোতিষী) সংবাদ দেয়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে বললেন: তোমরা তাদের কথাকে পরোয়া করবে না, তাদের কথা গ্রহণ করবে না এবং তাদেরকে গুরুত্ব দিবে না। সাহাবীগণ বললেন: হে আল্লাহর রাসূল! তাদের কোন কোন কথা কখনো কখনো সত্য ও সঠিক হয়ে থাকে। যেমন তারা অমুক মাসে অমুক দিনে সংঘটিত হবে বলে কোন কোন গায়েবের সংবাদ দিয়ে থাকে, যা তাদের সংবাদ অনুযায়ী বাস্তবে সংঘটিত হয়ে থাকে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন: জিনরা ঊর্ধ্বজগতে ওৎ পেতে ত্বরিত কোন কোন সংবাদ শুনে নেয়। ফলে তারা তাদের গণক বন্ধুদের সেসব শোনা সংবাদ পৌঁছে দেয়। অতপর গণকরা শয়তানের আকাশ থেকে শোনা কথার সাথে তাদের নিজেদের পক্ষ থেকে শত শত মিথ্যা মিলিয়ে মানুষের কাছে প্রকাশ করে।

https://sunnah.global/hadeeth/bn/show/8918